# বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

বংশাল শাখা, ঢাকা

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক সার্টিফিকেট প্রাপ্তি সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে)

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক পিএলসি, বংশাল শাখা, ঢাকা এর ঋণ গ্রহীতা/বিবাদী/দায়িকগণ যথাক্রমেঃ **১। মেসার্স কর্ণপাড়া থ্রেড ইন্ডাস্ট্রিজ লিমিটেড,** ব্যবস্থাপ-না পরিচালক-মোঃ রেফাতউল্লাহ ৮ নং হাজী ইউনুস আলী রোড, কর্ণপাড়া, সাভার, ঢাকা। ২। মোঃ রেফাতউল্লাহ, পিতা-মোঃ ইউনুস আলী ব্যবস্থাপনা পরিচালক-মেসার্স কর্ণপাড়া থ্রেড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কর্ণপাড়া, সাভার, ঢাকা। ৩। মোসাম্মৎ সাবিনা ইয়াসমিন, স্বামী- মোঃ রেফাতউল্লাহ, চেয়ারম্যান- মেসার্স কর্ণপাড়া থ্রেড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কর্ণপাড়া, সাভার, ঢাকা। এদের বিরুদ্ধে ডিক্রীদার ব্যাংক অর্থজারী মোকদ্দমা নং ৭৫৫/২০২৫, তারিখ-১০.০৭.২০২৫ দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের পাওনা টাকা ১৪,৮৩,২৩,০৪৫.০০ (চৌদ্দ কোটি তিরাশি লক্ষ তেইশ হাজার পয়তাল্লিশ টাকা) মাত্র (১২-০৮-২০২৬ তারিখ পর্যন্ত) এবং উক্ত টাকা আদায় হওয়া কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল হার সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি দখলভোগের/বিক্রয়ের অধিকার লাভ করেন এবং বিগত ০৩.০৪.২০২৬ তারিখে বিজ্ঞ জজ অর্থঋণ আদালত-৪, ঢাকা ডিক্রীদার-ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার-ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ১৩/০৯/২০২৬ ইং তারিখ বেলা ০৩.০০ (তিন) ঘটিকার মধ্যে ব্যাংকের বংশাল শাখায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তযুক্ত হইতে হইবে।

### শর্তাবলী

১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষবে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথক ভাবে দরমূল্য লিখিতে হইবে) লিখিয়া এবং নিলাম ক্রয়ে আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র এবং টিন সার্টিফিকেট সহকারে দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র অপরাহ্ন ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক পিএলসি, বংশাল শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ০৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০২০ টাকা হইলে উহার (দশ লক্ষ) =/%, উদ্ধৃত দর ১০,০০,০০০ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব (দশ লক্ষ) =/৫০,০০,০০০১৫ টাকা হইলে উহার (পঞ্চাশ লক্ষ) =/% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০১০ টাকা অপেক্ষা অধিক হইলে উহার (পঞ্চাশ লক্ষ) =/% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে অর্ডার-"বেসিক ব্যাংক পিএলসি, বংশাল শাখা, ঢাকা" এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪. অনূর্ধ্ব ১০,০০,০০০ টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হইবা (দশ লক্ষ)-এর পরবর্তী ৩০ দিবসের মধ্যে (ত্রিশ), ১০,০০,০০০টাকা (দশ লক্ষ)। অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০ ৬০ টাকা উদ্ধৃত দরপত্র গৃহীত হইবার পরবর্তী (পঞ্চাশ লক্ষ)- (ষাট ৫০ দিবসের মধ্যে এবং (,০০,০০০টাকা অপেক্ষা অধিক (পঞ্চাশ লক্ষ)-/ উদ্ধৃত দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত (নব্বই) করিতে পারিবেন।

৫. উপরোক্ত অনুচ্ছেদ নং -৪ এর অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্ত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য দাবীকৃত টাকা অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহূত হইবার পর অনুচ্ছেদ-৪ এ বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৬. দরপত্রে প্রদত্ত মুল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৭. উপরে বর্ণিত ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৮. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির (যেখানে যে অবস্থায় যা বিদ্যমান আছে) রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৯. নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

১০.কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করে বটে

### নিলাম বিক্রয়যোগ্য সম্পত্তির তফসিল

১) জিলা- ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- সাভার, ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত, জে,এল নং-সাবেক- ৭২০, এস,এ-২৩৬, হাল-২১২, মৌজা- "রাজাঘাট" স্থিত, খতিয়ান নং-সাবেক-২২৯, এস,এ-২৬৯, হাল-৮, দাগ নং- সাবেক- ১৯৭ (একশত সাতানব্বই), হাল-৪৪৯ (চারশত উনপঞ্চাশ), মোট জমির পরিমান-৩০ (ত্রিশ) শতাংশ এবং তদন্বিত নির্মিত ও নির্মিতব্যযা বর্তীয় স্থাপনা। যাহার চৌহদ্দি উত্তরে- কান্দুমিয়া, দক্ষিণে- বারেক মোল্লা, পূর্বে- মমতাজ এবং পশ্চিমে-আব্দুস সামাদ গং।

২) জিলা- ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- সাভার, ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত, জে,এল নং-সাবেক- ৭০৬, এস,এ-২২১, আর,এস- ২০১, মৌজা- "কর্ণপাড়া" স্থিত, খতিয়ান নং- এস,এ-১১, হাল- আর,এস- ৫৮ ও ৮৬, দাগ নং- সাবেক ও এস,এ-১৭৪ (একশত চুয়াত্তর), হাল-২২৫ (দুইশত পঁচিশ) ও ২২৬ (দুইশত ছাব্বিশ), মোট জমির পরিমান- ১৪ (চৌদ্দ) শতাংশ এবং তদন্বিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার চৌহদ্দি: উত্তরে রাস্তা, দক্ষিণে- সমতট হাউজিং লিমিটেড গং, পূর্বে- অন্যদাগের জমি এবং পশ্চিমে-মোঃ ইউনুস মিয়া

৩) জিলা- ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- সাভার, ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত, জে,এল নং-সাবেক- ৭০৬, এস,এ-২২১, আর,এস- ২০১, মৌজা- "কর্ণপাড়া" স্থিত, খতিয়ান নং- সি,এস-৯০, এস,এ- ৯৫, আর,এস- ১৯৮, দাগ নং- সি.এস ও এস,এ- ১৭৬ (একশত ছিয়াত্তর), ১৭৭ (একশত সাতাত্তর), আর,এস- ২২৪ (দুইশত চব্বিশ), মোট জমির পরিমান- ৮২ (বিরাশি) শতাংশ এরকাতে ৭১.৫০ (সাড়ে একাত্তর) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার চৌহদ্দি: উত্তরে- হালট, দক্ষিণে- অন্য মৌজা, পূর্বে- অন্য মৌজা এবং পশ্চিমে- মোঃ আফাজ উদ্দিন গং।

**সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**, বংশাল শাখা, ঢাকা

মোবাইল: ০১৯১১৩৬৫৮৫০

| | |
|---|---|
| **পত্রিকার নাম** | **: দৈনিক সমকাল** |
| **প্রকাশের তারিখ** | **: ১৬ আগস্ট, ২০২৬** |
| **পত্রিকার নাম** | **: দৈনিক ইত্তেফাক** |
| **প্রকাশের তারিখ** | **: ১৭ আগস্ট, ২০২৬** |